ঝিনাইদহ আল কলম মডেল মাদ্রাসায় ব্যতিক্রমি ক্লে-ক্রাফট প্রদর্শণী

ক্লে ও ক্রাফটের নিপুণ ছোঁয়ায় শিক্ষার্থীদের হাতে জীবন্ত হয়ে উঠেছে ইসলামের ইতিহাস, ঐতিহ্য ও নানা নিদর্শন। কোথাও পবিত্র কাবা শরিফ, কোথাও মসজিদুল আকসা, মসজিদুল হারাম, আবার কোথাও বাইতুল মুকাদ্দাসের প্রতিরূপ।

শুধু ধর্মীয় স্থাপনা নয়, ইসলামের নানা শিক্ষা, ধর্মীয় অনুষঙ্গ, বিজ্ঞান ও শিক্ষামূলক বিষয়ও স্থান পেয়েছে তাদের শিল্পকর্মে। শিক্ষার্থীদের এমন সৃজনশীল আয়োজন অনুষ্ঠিত হয়েছে ঝিনাইদহ শহরের আদর্শপাড়ার আল-কলম মডেল মাদরাসায়।

শনিবার (১৪ নভেম্বর) দিনব্যাপী এ আয়োজনে ১৭টি স্টলে শিক্ষার্থীরা প্রদর্শন করে সাড়ে ৩৫০টি শিল্পকর্ম। ক্লে (কাঁদা), কাগজ, ফোমসহ বিভিন্ন উপকরণ ব্যবহার করে তৈরি এসব শিল্পকর্মে ফুটে উঠেছে শিক্ষার্থীদের মেধা, মনন ও সৃজনশীলতা। রঙিন মাটির তৈরি মসজিদ, সুউচ্চ মিনার, গম্বুজ ও বিভিন্ন ঐতিহাসিক স্থাপনার প্রতিরূপ দর্শনার্থীদের নজর কাড়ে।

এ ছাড়া মৃত্যুর পর গোসল, কাফন-দাফন ও জানাজার মতো ধর্মীয় বিধিবিধানও তুলে ধরা হয় বিভিন্ন মডেলের মাধ্যমে। পাশাপাশি সৌরজগৎ, বিজ্ঞান ও শিক্ষামূলক নানা বিষয় নিয়ে তৈরি করা হয় আকর্ষণীয় সব প্রদর্শনী। শিক্ষার্থীদের হাতে তৈরি এসব শিল্পকর্ম দেখতে মাদরাসায় ভিড় করেন অভিভাবক ও দর্শনার্থীরা। ব্যতিক্রমী এ আয়োজন দেখে আনন্দ প্রকাশ করেন আগতরা।

আয়োজকরা জানান, শিক্ষার্থীদের সৃজনশীল প্রতিভা বিকাশের পাশাপাশি ইসলামের ইতিহাস, ঐতিহ্য ও ধর্মীয় শিক্ষা সম্পর্কে বাস্তব ধারণা দেওয়ার লক্ষ্যেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। পাঠ্যবইয়ের পড়াশোনার পাশাপাশি হাতে-কলমে শেখার মাধ্যমে শিক্ষার্থীদের জ্ঞান ও দক্ষতা বাড়াতে এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

আল-কলম মডেল মাদরাসার প্রতিষ্ঠাতা ও পরিচালক মুহাম্মাদ সাঈদুর রহমান বলেন, শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকাশ এবং সৃজনশীল কাজে